# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 30-12-2024** **Time: 7.35 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ম্যালেরিয়া ও ক্যানসারের বিরুদ্ধে ভারতের সাফল্যের কথা তুলে ধরেছেন।

গতকাল মন কি বাত অনুষ্ঠানের ১১৭ তম পর্বে তিনি জাতির পথপ্রদর্শক সংবিধানের ৭৫ বর্ষ পূর্তিতে খোলা একটি ওয়েবসাইটে নাগরিকদের ভিডিও আপলোড করার আর্জি জানান।

বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক তপন সিনহার জন্ম শতবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী।

২) সরকারি কর্মসুচিতে অংশ নিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সন্দেশখালি সফরে যাচ্ছেন।

৩) রাজ্য সরকারের ভবিষ্যত্ ক্রেডিট কার্ড প্রকল্পের মাধ্যমে ২ বছরেরও কম সময়ে ৮০০ কোটি টাকার ঋণ অনুমোদন হয়েছে।

৪) প্রতিবেশী বাংলাদেশের অশান্ত পরিস্থিতির সুযোগ নিয়ে এই রাজ্যে কেউ কিছু সুবিধা করতে পারবে না বলে রাজ্য সরকার জানিয়েছে।

৫) বাংলা আগামীকাল জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির ফাইনালে কেরালার মুখোমুখি হবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ম্যালেরিয়া ও ক্যানসারের বিরুদ্ধে ভারতের সাফল্যের কথা তুলে ধরেছেন। গতকাল মন কি বাত অনুষ্ঠানের **১১৭** তম পর্বে প্রধানমন্ত্রী বলেন, স্বাধীনতার সময়ও সব থেকে বড় চ্যালেঞ্জের মধ্যে ম্যালেরিয়া ছিল অন্যতম । কিন্তু সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য সংস্থার রিপোর্টে জানা গেছে, ২০১৫ থেকে ২৩-এর মধ্যে ম্যালেরিয়া আক্রান্ত ও মৃতের সংখ্যা ৮০ শতাংশ কমে গেছে।

বাইট ম্যালেরিয়া

ক্যানসার রোগীর সময়মতো চিকিৎসা শুরু করার ক্ষেত্রে ভারত উল্লেখযোগ্য অগ্রগতি করেছে বলে বিশ্ববিখ্যাত মেডিক্যাল জার্নাল ল্যানসেট-এর গবেষণায় জানা গেছে। 'আয়ুষ্মান ভারত' প্রকল্প এক্ষেত্রে বড় ভূমিকা পালন করেছে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী বলেন, জাতির পথপ্রদর্শক সংবিধানের ৭৫ বর্ষ পূর্তিতে নাগরিকদের জন্য একটি ওয়েবসাইট খোলা হয়েছে। আগামী ২৬-শে জানুয়ারি দেশের সংবিধান রূপায়নের ৭৫ বছর পূর্ণ হচ্ছে। ২৬ নভেম্বর **সংবিধান** দিবসে সূচনা হয়েছে বর্ষব্যাপী অনুষ্ঠানের। দেশের নাগরিকদের সংবিধানের ঐতিহ্যের সঙ্গে যুক্ত থাকার জন্য খোলা হয়েছে একটি **ওয়েবসাইট** । সংবিধানের প্রস্তাবনা আলাদা আলাদা ভাষায় পাঠ করে constitution75.com ওয়েবসাইটে আপলোড করা যাবে।

(বাইট – ওয়েবসাইট)

বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক তপন সিন্‌হার জন্ম শতবার্ষিকীতে তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, চলতি বছর চলচ্চিত্র জগতের প্রখ্যাত ব্যক্তিত্বদের

শততম জন্ম বার্ষিকী উদযাপিত হচ্ছে। এইসব প্রতিভা ভারতীয় চলচ্চিত্রকে বিশ্বস্তরে স্বীকৃতী এনে দিয়েছে।

বাইট তপন সিনহা

‘মন কি বাতে’ শ্রী মোদী জানান, লোকচক্ষুর অন্তরালে থাকা স্বাধীনতা সংগ্রামীদের নিয়ে ‘KTB- ভারত হ্যায় হাম’ নামে একটি অ্যানিমেশন সিরিজের দ্বিতীয় পর্ব শুরু হয়েছে। দূরদর্শনের পাশাপাশি অন্য OTT প্ল্যাটফর্মেও এটি দেখা যাবে। আকাশবাণী প্রতি রবিবার সকাল সাড়ে দশটায় কেটিবি সিরিজ সম্প্রচার করবে।

---------------------

সরকারি কর্মসুচিতে অংশ নিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সন্দেশখালি সফরে যাচ্ছেন। হেলিকপ্টারে সেখানে পৌঁছে দুপুর একটা নাগাদ সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে বিভিন্ন সরকারি প্রকল্পে ২০ হাজার উপভোক্তার হাতে সহায়তা প্রদানের তিনি সূচনা করবেন বলে জানা গেছে। মুখ্যমন্ত্রীর সন্দেশখালি সফর রাজনৈতিক দিক থেকেও তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। কারণ গত লোকসভা ভোট পর্বে ওই এলাকায় নারী নিগ্রহের অভিযোগ নিয়ে সর্বভারতীয় রাজনীতিতে আলোড়ন তৈরি হওয়ার পর এটাই মুখ্যমন্ত্রীর প্রথম সন্দেশখালি সফর। এছড়া আগামী ২ জানুয়ারী নবান্ন সভাঘরে রাজ্য স্তরের প্রশাসনিক বৈঠকে বসবেন বলে মুখয়মন্ত্রী জানিয়েছেন। ব্লকস্তর থেকে রাজ্যস্তর পর্যন্ত সরকারি সমস্ত জনকল্যাণ মূলক প্রকল্পের অগ্রগতি তিনি ওই বৈঠক থেকে খতিয়ে দেখবেন। এদিকে মুখ্যমন্ত্রীর সফরের শেষ মুহূর্তের প্রস্তুতি খতিয়ে দেখতে দমকল মন্ত্রী সুজিত বসু, সন্দেশখালির তৃণমূল বিধায়ক সুকুমার মাহাতো, জেলাশাসক শরৎকুমার দ্বিবেদী-সহ শীর্ষ কর্তারা গতকাল সভাস্থল পরিদর্শন করেন।

---------------------

রাজ্য সরকারের ভবিষ্যৎ ক্রেডিট কার্ড প্রকল্পের মাধ্যমে দু বছরেরও কম সময়ে ৮০০ কোটি টাকার ঋণ অনুমোদন হয়েছে। বেকারদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গৃহীত এই প্রকল্পের মাধ্যমে ঋণের পরিমাণ শীঘ্রই হাজার কোটি টাকার স্পর্শ করবে বলে আশা করা হচ্ছে। শিল্পের সমাধানে শিবিরে দেড় লক্ষ মানুষ ভবিষ্যৎ ক্রেডিট কার্ডের আবেদনপত্র সংগ্রহ করেছিলেন। ৪০ হাজার আবেদন ইতিমধ্যে জমা পড়ে গিয়েছে। ব্যাঙ্ক কর্তৃপক্ষ আবেদনগুলি যাচাইয়ের কাজও শুরু করে দিয়েছে। ব্যাঙ্কগুলিকে ৩১ জানুয়ারির মধ্যে ঋণ প্রদান সম্পন্ন করার টার্গেট বেঁধে দেওয়া হয়েছে।

---------------------

প্রতিবেশী বাংলাদেশের অশান্ত পরিস্থিতির সুযোগ নিয়ে এই রাজ্যে কেউ কিছু সুবিধা করতে পারবে না বলে রাজ্য সরকার জানিয়েছে। রাজ্য পুলিশের মহা নির্দেশক রাজীব কুমার গতকাল ভবানীভবনে এক সাংবাদিক বৈঠকে বলেন, রাজ্যের মানুষের সহযোগিতার ফলে জঙ্গি দমনে কলকাতা ও রাজ্য পুলিশ যথেষ্ট সক্রিয় থেকে নিঃশব্দে কাজ করছে। রাজ্য পুলিশের স্পেশাল টাস্ক ফোর্সের দেওয়া তথ্য থেকেই দুই দিন গতিবিধির উপর নজর রেখে সম্প্রতি দক্ষিণ চব্বিশ পরগনার ক্যানিং থেকে কাশ্মীরের এক জঙ্গি সংগঠনের নেতাকে গ্রেপ্তার করা হয়েছে বলে তিনি দাবি করেন।

এই রাজ্যে তিনটি দেশের সীমান্ত জুড়ে থাকায় সীমান্ত রক্ষার দায়িত্বে থাকা বিএসএফ এর কাজের অনেক ঘাটতি রয়েছে বলেও রাজীব কুমার জানিয়েছেন।

(বাইট – রাজীব কুমার)

পাশাপাশি পাসপোর্ট জাল করে অনুপ্রবেশের বিষয়ে পুলিশ আরও তৎপর হবে বলে জানিয়ে তিনি বলেন, আগামী দিনে বিভিন্ন পুলিশ জেলার পুলিশ সুপাররা পাসপোর্ট তদারকির কাজ করবে।

---------------------

ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী, সীমান্ত এলাকার পরিস্থিতি নিয়ে যথেষ্টই সজাগ রয়েছে বলে বিএসএফের গুয়াহাটি ফ্রন্টিয়ারের আইজি সঞ্জয় গৌড় জানিয়েছেন। গতকাল কোচবিহারের রূপনগরে বিএসএফ ক্যাম্পে আয়োজিত আন্ত:ফ্রন্টিয়ার ক্রীড়া প্রতিযোগিতার সমাপ্তি অনুষ্ঠানে অংশ নিয়ে বলেন, অনুপ্রবেশ রুখতে বিএসএফ সদা সতর্ক। সীমান্তে অস্থিরতা বন্ধে এবং এলাকা সুরক্ষিত রাখতে তাঁরা দৃঢ়প্রতিজ্ঞ।

---------------------

ইংরেজি নতুন বর্ষের শুরুর প্রাককালে শহরে সম্ভাব্য অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে মেট্রো রেল আগামীকাল ব্লু লাইনে অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ওই দিন দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষের জন্য তিন এবং কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর এর জন্য তিনটি মোট ৬ টি অতিরিক্ত ট্রেন চালাবে বলে মেট্রো রেল সূত্রের খবর। স্পেশাল ট্রেন গুলির মধ্যে দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ এর জন্য রাত ৯ টা ৪৮, ১০ টা তিন, ও ১০ টা ১৮ মিনিটে এবং কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর এর জন্য রাত ৯ টা ৫৫, ১০ টা ১০, এবং ১০ টা ২৫ মিনিটে ছাড়বে। অন্যান্য দিনের মত রাত ১০ টা ৪০ মিনিটে কবি সুভাষ এবং দক্ষিণেশ্বর থেকে স্পেশাল নাইট সার্ভিস এবং গ্রিন লাইন -১, গ্রীন লাইন ২, পার্পেল লাইন, এবং অরেঞ্জ লাইনে মেট্রো সার্ভিস অপরিবর্তিত থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

---------------------

সিকিমে বেড়াতে গিয়ে নিউ ব্যারাকপুরের বাসিন্দা বছর ২৫ এর পায়েল শ্বাসমল ও তার আড়াই বছরের শিশুকন্যা সিমিকা শ্বাসমলের মৃত্যু হয়েছে। পায়েলের স্বামী শোভন শ্বাসমল গুরুতর আহত হয়ে স্থানীয় হাসপাতালের আই সি ইউ তে ভর্তি রয়েছেন। পুলিশ সূত্রে জানা যায়, উত্তর সিকিমের লামাটোনে গত শনিবার সন্ধ্যায় একটি চারচাকার গাড়ী নিয়ন্ত্রন হারিয়ে খাদে পড়ে গেলে এই দুর্ঘটনা ঘটে। নিউ ব্যারাকপুর থানার পুলিশ নিহত ও আহতদের বিষয়ে, স্থানীয় পুলিশের সঙ্গে যোগাযোগ করছে।

---------------------

পশ্চিম বর্ধমানের আসানসোলের পোলো গ্রাউন্ডে গতকাল থেকে শুরু হয়েছে ৮ ম জেলা বইমেলা। মেলার উদ্বোধন করেন জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা দপ্তরের মন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরী। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রম ও আইন মন্ত্রী মলয় ঘটক, জেলাশাসক এস পেন্নমবলম, জেলাপরিষদের সভাধিপতি বিশ্বনাথ বাউরি, আসানসোল পুরনিগমের চেয়ারম্যান অমরনাথ চট্টোপাধ্যায়সহ অন্যান্যরা। মেলায় বিভিন্ন প্রকাশনীর মোট ৯২ টি স্টল রয়েছে।

---------------------

পুরুলিয়া বই মেলা চলাকালীন গতকাল প্রধান প্রবেশ পথে তালা লাগিয়ে দেয় কয়েকটি আদিবাসী সংগঠন। এনিয়ে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে বই মেলা চত্বরে। জানা গেছে, এবারের বই মেলায় বাংলা ছাড়া অন্য কোন প্রাদেশিক ভাষায় অনুষ্ঠান করা চলবে না এই রকম একটি কথা ছড়িয়ে পড়ায় বিক্ষোভ দেখাতে শুরু করে কয়েকটি আদিবাসী সংগঠন।

আদিবাসী কুড়মি সমাজের মূল মানতা অজিত মাহাতো বলেন, পুরুলিয়ার ভিন্ন সংস্কৃতি রয়েছে। বই মেলায় এই সংস্কৃতিকে আটকানো কোন ভাবেই বরদাস্ত করা হবে না। পরে প্রশাসনিক তৎপরতায় পরিস্থিতি স্বাভাবিক হয়।

---------------------

বাংলা আগামীকাল জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির ফাইনালে কেরালার মুখোমুখি হবে। হায়দরাবাদের গাচ্চিবৌলি ষ্টেডিয়ামে গতকাল প্রথম সেমি ফাইনালে বাংলা ৪-২ গোলে গতবারের চ্যাম্পিয়ন সার্ভিসেস কে হারিয়ে ছয় বছর পর ফাইনালে পৌঁছায়। ৩২ বারের বিজয়ী বাংলা এই নিয়ে ৪৭ বার সন্তোষ ট্রফির ফাইনালে উঠল।
অপরদিকে গতকাল দ্বিতীয় সেমিফাইনালে কেরালা ৫-১ গোলে মনিপুরকে হারিয়ে ফাইনালে উঠেছে।

--------------------- ---------------------